গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৪.২০২০- ৩৩৭ তারিখঃ ২১.০৯.২০২০ খ্রি.

**বিষয়ঃ ডা. শেখ শাহজাহান আলী (৩৯৮৪৩), উপ-পরিচালক, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর; সংযুক্তঃ ম্যাটস, সাতক্ষীরা (সাবেক তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা**

বিভাগীয় মামলা নম্বরঃ ...৫৭../২০২০

## অভিযোগনামা

যেহেতু আপনি ডা. শেখ শাহজাহান আলী, উপ-পরিচালক, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালে তত্ত্বাবধায়ক পদে কর্মরত থাকাকালে যথোপযুক্ত ও যৌক্তিক কারণ এবং চাহিদা ছাড়াই স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদন ব্যতীত 'PICTURE ARCHIVINGTIO COMMUNICATION SYSTEM (PACS)' নামক সফটওয়্যারসহ সংশ্লিষ্ট মেশিনারিজ ক্রয়ের উদ্যোগ গ্রহণ করেন;

যেহেতু আপনি উক্ত সফটওয়্যারসহ এমএসআর সামগ্রী এবং অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়ের নিমিত্ত বিধিবহির্ভূতভাবে স্বাস্থ্য অধিদপ্তরের প্রশাসনিক অনুমোদন ব্যতীত বাজারদর কমিটি, দরপত্র উন্মুক্তকরণ কমিটি, দরপত্র মূল্যায়ন কমিটি ও সার্ভে কমিটি গঠন করেন এবং দরপত্র আহবান করেন;

যেহেতু আপনি অসৎ উদ্দেশ্যে উক্ত সফটওয়্যার ও অন্যান্য সরঞ্জাম ক্রয়ের জন্য পছন্দের ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স মার্কেন্টাইল ট্রেড ইন্টারন্যাশনালের সাথে পৃথকভাবে চুক্তি করেন এবং উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করেন;

যেহেতু আপনি উক্ত সফটওয়্যারসহ সংশ্লিষ্ট মেশিনারিজ বাস্তবে সরবরাহ না হওয়া এবং না পাওয়া সত্ত্বেও কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে ০৪.০৯.২০১৮ খ্রি. তারিখের দাখিলকৃত বিল-ভাউচার ১০.০৯.২০১৮ খ্রি. ও ১২.০৯.২০১৮ খ্রি. তারিখে পাশ করে জেলা হিসাবরক্ষণ অফিস, সাতক্ষীরায় বিল দাখিল করেন;

যেহেতু আপনি মেসার্স মার্কেন্টাইল ট্রেড ইন্টারন্যাশনালের সঙ্গে যোগসাজশ ও পারস্পরিক সহায়তায় প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে সরকারের ৬,০৬,০০,০৯৯/- (ছয় কোটি ছয় লক্ষ নিরানব্বই) টাকা আত্মসাৎ করেছেন;

যেহেতু দুর্নীতি দমন কমিশন ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি সমন্বয়ে গঠিত তদন্ত টিম ১৫.০৫.২০১৯ খ্রি. তারিখে সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনকালে উক্ত সফটওয়্যারসহ উল্লিখিত মেশিনারিজের কোনো অস্তিত্ব দেখতে পায়নি;

যেহেতু উক্ত অপরাধে দন্ডবিধির ৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ ধারা এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা কার্যালয়, খুলনায় আপনার বিরুদ্ধে মামলা নম্বর ০৯, তারিখ: ৩১.১০.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে; এবং

যেহেতু আপনার উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না, সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

২১.০৯.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব

**ডা. শেখ শাহজাহান আলী (৩৯৮৪৩)**
উপ-পরিচালক, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর
সংযুক্তঃ ম্যাটস, সাতক্ষীরা
(স্থায়ী ঠিকানাঃ পিতা-আলহাজ্ব শেখ মোবারক আলী, গ্রাম-রহিমপুর, তারালি, থানা-কালিগঞ্জ, জেলা-সাতক্ষীরা)

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৪.২০২০- ৬০৩/১ (১৩) তারিখঃ ২১.০৯.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
২। মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
৮। তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা
৯। অধ্যক্ষ, ম্যাটস, সাতক্ষীরা
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৩। অফিস কপি

২১.০৯.২০২০
(মো: শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

## অভিযোগ বিবরণী

আপনি ডা. শেখ শাহজাহান আলী, উপ-পরিচালক, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালে তত্ত্বাবধায়ক পদে কর্মরত থাকাকালে যথোপযুক্ত ও যৌক্তিক কারণ এবং চাহিদা ছাড়াই স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদন ব্যতীত 'PICTURE ARCHIVINGTIO COMMUNICATION SYSTEM (PACS)' নামক সফটওয়্যারসহ সংশ্লিষ্ট মেশিনারিজ ক্রয়ের উদ্যোগ গ্রহণ করেন;

আপনি উক্ত সফটওয়্যারসহ এমএসআর সামগ্রী এবং অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়ের নিমিত্ত বিধিবহির্ভূতভাবে স্বাস্থ্য অধিদপ্তরের প্রশাসনিক অনুমোদন ব্যতীত বাজারদর কমিটি, দরপত্র উন্মুক্তকরণ কমিটি, দরপত্র মূল্যায়ন কমিটি ও সার্ভে কমিটি গঠন করেন এবং দরপত্র আহবান করেন;

আপনি অসৎ উদ্দেশ্যে উক্ত সফটওয়্যার ও অন্যান্য সরঞ্জাম ক্রয়ের জন্য পছন্দের ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স মার্কেন্টাইল ট্রেড ইন্টারন্যাশনালের সাথে পৃথকভাবে চুক্তি করেন এবং উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করেন;

আপনি উক্ত সফটওয়্যারসহ সংশ্লিষ্ট মেশিনারিজ বাস্তবে সরবরাহ না হওয়া এবং না পাওয়া সত্ত্বেও কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে ০৪.০৯.২০১৮ খ্রি. তারিখের দাখিলকৃত বিল-ভাউচার ১০.০৯.২০১৮ খ্রি. ও ১২.০৯.২০১৮ খ্রি. তারিখে পাশ করে জেলা হিসাবরক্ষণ অফিস, সাতক্ষীরায় বিল দাখিল করেন;

আপনি মেসার্স মার্কেন্টাইল ট্রেড ইন্টারন্যাশনালের সঙ্গে যোগসাজশ ও পারস্পরিক সহায়তায় প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে সরকারের ৬,০৬,০০,০৯৯/- (ছয় কোটি ছয় লক্ষ নিরানব্বই) টাকা আত্মসাৎ করেছেন;

দুর্নীতি দমন কমিশন ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি সমন্বয়ে গঠিত তদন্ত টিম ১৫.০৫.২০১৯ খ্রি. তারিখে সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনকালে উক্ত সফটওয়্যারসহ উল্লিখিত মেশিনারিজের কোনো অস্তিত্ব দেখতে পায়নি;

উক্ত অপরাধে দন্ডবিধির ৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ ধারা এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা কার্যালয়, খুলনায় আপনার বিরুদ্ধে মামলা নম্বর ০৯, তারিখ: ৩১.১০.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে।

আপনার উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।

২১.০৯.২০২০

(মো. আবদুল মান্নান)
সচিব